

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
বরিশাল সদর ইউসিসিএ লি.
বরিশাল সদর, বরিশাল।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: ৪৭.৬২.০৬৫১.০০০.১১.০০৫.১৫-৫০৩

তারিখ: ১৮/০৯/২০২২ খ্রি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন বরিশাল সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি. এর মাঠ পর্যায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) জন পরিদর্শক ও ০১ (এক) জন কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১৩/১০/২০২২ তারিখের মধ্যে নিম্নতালিকানায় আবেদন করার জন্য অনুরোধ জানানো হলো।

| ক্র.নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বয়স | বেতন ভাতা | পদের সংখ্যা |
|--------|--------------------------------------|----------------------|--------------------------------|---|-------------|
| ০১ | পরিদর্শক | স্নাতক/ সমমান ডিগ্রী | ১৮ বছর থেকে অনুর্ধ্ব ৩০ বছর | বেতন স্কেল ২০১৫ এর ১৪ গ্রেড (১০,২০০-২৪,৬৮০/-) | ০১ টি |
| ০২ | কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী | এইচ.এস.সি/ সমমান | ১৮ বছর থেকে অনুর্ধ্ব ৩০ বছর | বেতন স্কেল ২০১৫ এর ১৬ গ্রেড (৯,৩০০-২২,৪৯০/-) | ০১ টি |

- প্রার্থীকে তার নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, বরিশাল সদর, বরিশাল এর বরাবর আগামী ১৩/১০/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে ৩ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, আইডি কার্ডের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদের ফটোকপি, প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র সংযোগ করতে হবে (সকল কাগজ ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দিতে হবে)।
- ২ নং পদের জন্য কমপক্ষে তিন মাসের কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট এর ফটোকপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- সকল পদে প্রার্থীর সর্বোচ্চ বয়স ১৩ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে ৩০ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে আবেদনকারীর সর্বোচ্চ বয়স ১৩ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে ৩২ বছর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- গ্রাম পর্যায়ে প্রত্যন্ত অঞ্চলে সমবায় সমিতির সদস্যদের নিয়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- পরিদর্শক নিজ কর্তৃক ইউসিসিএ লি. এর ঋণ তহবিল হতে বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের অংশ থেকে স্কেল অনুযায়ী বেতন ভাতা প্রাপ্য হবেন।
- কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী পদের জন্য ইউসিসিএ লি. এর আয় থেকে/ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে দায়মুক্ত অর্জিত আয় হতে বেতন ভাতা প্রাপ্য হবেন।
- আবেদনকারীকে আবেদন পত্রের সাথে বরিশাল সদর ইউসিসিএ লি. এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক থেকে ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফ/ পে-অর্ডার জমা দিতে হবে।
- নিয়োগকৃত কর্মচারীকে যে কোন ক্রটির কারণে কোনো নোটিশ বা কারন ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকুরী থেকে বরখাস্ত/ অব্যাহতি প্রদান করতে পারবে।
- ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- এছাড়া কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোন আদেশ প্রতিপালন করতে হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- এতদসংক্রান্ত বিষয়ে যে কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৮/০৯/২০২২

মো: বাবুল গাজী

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বরিশাল সদর, বরিশাল।